


<p>২৫। বিবিধঃ উপজেলা পরিষদের নিম্নবর্ণিত কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা হতে পারে। উক্ত বাস্তবায়নকৃত কাজের ব্যয়ের টাকা উত্তোলনের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p> <p>(০১) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের আগষ্ট /২০২১ মাসে সম্মানিতা ও ভ্রমণভাতা প্রদান করা হয়েছে</p> <p>(০২) পরিষদের ইন্টারনেট বিল ও পেপার বিল (লাইব্রেরীরসহ) ভ্যাটসহ প্রতিমাসে মোট ১০,৮০০/- টাকা উত্তোলনের বিষয়ে আলোচনা হয়।</p> <p>(০৩) বিভিন্ন সরকারি অনুষ্ঠানের জন্য অফিসের আপ্যায়ন খরচ ৩৮,০০০/- টাকা খরচ হয়েছে এবং উত্তোলনের বিষয়ে আলোচনা হয়। এ বাবদ ব্যয়কৃত টাকা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া পরিষদের নিরাপত্তাকর্মী (আনসার) কে করোনা ভাইরাস মহামারিতে ঝুঁকি গ্রহণ করে রাতে ও দিনে দায়িত্বপালন করনের জন্য দৈনিক হাজিরা ভিত্তিতে মজুরি প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>উপরোক্ত জরুরী কাজগুলির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত কাজগুলি সম্পন্নের প্রস্তাবে সকলেই একমত পোষণ করেন।</p> <p>(০৪) উপজেলা পরিষদ কার্যালয়ের ২০২১ - ২০২২ থেকে ২০২৫ - ২০২৬ সালের পঞ্চ বার্ষিক পরিকল্পনা বই প্রস্তুত সংক্রান্ত আলোচনা : উপজেলা পরিষদ কার্যালয়ের ২০২১ - ২০২২ থেকে ২০২৫ - ২০২৬ সালের পঞ্চ বার্ষিক পরিকল্পনা বই প্রস্তুতকৃত কাজ চলমান রয়েছে। উক্ত বইটি জেলা প্রশাসক মহোদয়, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর নির্দেশনা মূলকবাণীসহ গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প দ্বারা সূচীপত্র সাজানো হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p> <p>(০৫) উপজেলা পরিষদ তথ্য কর্মকর্তা সংক্রান্ত আলোচনা : উপজেলা পরিষদ তথ্য কর্মকর্তা হিসেবে মোছাঃ ইসরাত জাহান, সরকারি তথ্য আপা হিসেবে নিযুক্ত আছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিশেষে তথ্য আপাকে তথ্য কর্মকর্তা হিসেবে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। উল্লিখিত প্রস্তাবের খরচের বিল পরিষদের রাজস্ব তহবিল থেকে নির্বাহ/পরিশোধের বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>দ্রুত পঞ্চ বার্ষিক পরিকল্পনা বই প্রস্তুতকরণের জন্য সভারপক্ষ অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও নির্বাহী অফিসার, গাংনী।</p>
--	--	---

২৬। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের গুরুত্বপূর্ণ আলোচনা সংক্রান্ত : সভাপতি মহোদয় সভায় জানান উপজেলা পরিষদের প্রতিটা কাজে উপস্থিতি কর্মকর্তাদের সহযোগীতা কামনা করেন। স্ব-স্ব দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য প্রতিটি কর্মকর্তাদের অনুরোধ করেন। পরিষদের উন্নয়ন মূলক প্রতিটা কাজের সূচনতা থাকবে। এল জি ই ডি বিভাগের বিভিন্ন কাজ ধীরগতিতে হচ্ছে পরীলক্ষিত হয়। তিনি আরো জানান উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন স্থাপনের জন্য বার বার উদ্যোগ গ্রহণ করা হলেও কেনো এটির কার্যক্রম বার বার পিছিয়ে যায় এ বিষয়ে উপজেলা প্রকৌশলী গাংনীকে দৃষ্টি আকর্ষণ করেন। এ সব কাজ যথাযথ প্রক্রিয়া অনুযায়ী দ্রুততার সাথে শেষ করার জন্য আলোচনা করেন। এছাড়া বর্ষা মৌসুমে ইউনিয়নের বিভিন্ন গ্রামের রাস্তা ভেঙ্গে মানুষের চলাচলে অসুবিধা সৃষ্টি হচ্ছে, বিধায় এসব রাস্তা গুলি ব্রিক ফ্লাট সলিং অথবা এইচবিবি করন প্রয়োজন। ইতিমধ্যে এডিপির ১ম ও ২য় কিস্তির বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রনালয় ছাড় করেছে। উক্ত বরাদ্দ হতে রাস্তাগুলি মেরামতের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী গাংনীকে দৃষ্টি আকর্ষণ করেন।

সর্বশেষে উপজেলা পরিষদের সাধারণ সভায় বিভাগীয় প্রধানগণ কার্যপত্র দাখিল করণ সহ নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সকল সদস্য ও উপজেলার প্রতিটি নাগরিকের সু-স্বাস্থ্য কামনা করেন এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এম এ খালেক)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

গাংনী, মেহেরপুর।